২৫।হে সদাপ্রভু, তানজানিয়ার শিশুদের হৃদয় এবং মনগুলি পুনরুদ্ধার করো যারা তাদের ঘরে ধর্ষিত হয়েছে এবং যাদের সঙ্গে বলাৎকার করা হয়েছে। (গীত ১৭:৮-৯)

২৬। হে পিতা ঈশ্বর, ইউক্রেনে অনেক সময় হিংসাত্মক ঘটনাগুলি গোপন থাকে, মাত্র ১০ শতাংশ বিপন্ন ব্যক্তিরা রিপোর্ট করে এবং অনেকেই মনে করে এটা তাদের ব্যক্তিগত বিষয়। অত্যাচারিত ব্যক্তিদের কাছে স্বাধীনতা, আরোগ্য এবং সুবিচার আনো। (মার্ক ৪:২২)

২৭। ফিলিপাইনসের ধর্ষিত এবং ঘরোয়া হিংসাত্মক ঘটনায় আক্রান্ত মহিলারা যেন প্রতিবাদ করে এবং সুরক্ষা, আরোগ্য এবং সুবিচার পায়, এই ঘৃণ্য কার্যকারীরা যেন তাদের সমস্ত হিংস্র কাজ থেকে ফিরে আসে এবং মহিলাদের সম্মান করতে শেখে। (যিশাইয় ১:১৬)

২৮। ধন্যবাদ, প্রভু, এমন অনেক দেশ আছে যেখানে সৎ পুলিশ অফিসাররা আছেন। এই সমস্ত দেশগুলিতে হিংস্রতায় আক্রান্ত মহিলাদের তাদের আত্ম-মর্যাদা এবং শক্তি দানের জন্য সাহায্যের প্রয়োজন। (গীত ৪৬:১)

২৯। হে পিতা, মহিলাদের হিংসাত্মক ঘটনা থেকে সুরক্ষিত কর যখন তারা কোনও বিপজ্জনক স্থানে জীবন যাপন করে অথবা জাতীয় কোনও বিপর্জয়ের ফলে,যুদ্ধ বিগ্রহের ফলে অথবা দেশান্তরিত হওয়ার ফলে কোনও অস্থায়ী শিবিরে বাস করে। (যিশাইয় ৪১:১০)

৩০। হে ঈশ্বর, বিদ্যালয় হচ্ছে শিক্ষা গ্রহণের জন্য এবং বৃদ্ধি লাভের জন্য সব থেকে নিরাপদ স্থান। বাবা মায়েদের, শিক্ষকদের এবং প্রশাসকদের প্রজ্ঞা দাও যেন তারা বিদ্যালয়ের মধ্যে কোনও রকমের পীড়ন অথবা হিংস্রতাকে প্রশ্রয় না দেয়। (গীত ৩২:৭)

৩১। হে সদাপ্রভু, তুমি যেমন আমাদের ভালোবাসো, ঠিক সেইভাবে যারা আমাদের ঘৃণা করে এবং আমাদের আঘাত করে তাদেরকেও ভালোবাসতে আমাদের সাহায্য কর। তোমার মধ্যে শক্তি খুঁজে পেতে আমাদের সাহায্য কর,কারণ তুমি আমাদের হয়ে যুদ্ধ কর। (৬:২৭-২৮)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বাংলাদেশে মহামারির কারনে বর্তমানে বেকারত্বের সংখ্যা অনেক বৃদ্ধি পাচ্ছে যার কারণে মানুষ প্রয়োজনের তাগিদে অনেক রকম অপকর্মে জড়িত হচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশ এই বেকারত্বের অভিশাপ মুক্তি পায় এবং একটা উন্নত দেশে পরিণত হয়।

২। বাংলাদেশের সমস্ত স্তরের মানুষ যেন কভিড-১৯ এর ভ্যাক্সিন পেতে পারে এর জন্য প্রার্থনা করবেন, এবং আগামনী শীতের প্রকটতা থেকে যেন দীনদরিদ্র মানুষগুলো রক্ষা পায় এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৩। বর্তমানের এই পরিস্থিতিকে যেন বাংলাদেশের সর্বস্তরের মানুষ বিশেষ করে মেয়েরা যেন সুযোগ হিসেবে ব্যবহার করে দেশও জাতির উন্নয়নের জন্য কাজ করতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৫। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৬। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2021. 10.**

## হিংস্রতা, ধর্ষণ এবং ঘরোয়া হিংস্রতা

একজন ব্যক্তির সমগ্র জীবনে হিংস্রতা গভীর প্রভাব ফেলে। আসুন যারা নির্যাতিত হয়েছেন তাদের জন্য প্রার্থনা করি, তারা যেন ঈশ্বরের ভালবাসা, আরোগ্যতা এবং ক্ষমার অভিজ্ঞতা লাভ করতে পারে । ঈশ্বরের আরোগ্যকারী হাত কেবল মহিলাকেই পুনরুদ্ধার করে না, বরং যারা তাকে আঘাত করেছে তাদেরকে ক্ষমা করার হৃদয় দান করে । আরোগ্যতা সম্পূর্ণ হয় যখন আমরা অন্যদের ক্ষমা করি।


**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১। হে পিতা, লকডাউনের চাপের ফলে জাপানে মহিলাদের উপর শারীরিক, মানসিক এবং যৌন হিংস্রতা বৃদ্ধি পেয়েছে। এই মহিলাদের অত্যাচার থেকে রক্ষা পেতে এবং সাহায্য লাভ করতে সাহায্য কর এবং তারা যেন তোমাকে অন্ধকারে তাদের আলো হিসাবে খুঁজে পায়। (গীত ৩১:৪)

২। হে পিতা, একটি পরিসংখ্যান থেকে জানা যায় যে ১০ জনের মধ্যে ৬ জন কানাডার স্বদেশীয় মহিলারা শারীরিকভাবে অথবা যৌনভাবে অত্যাচারিত হচ্ছে। আমরা তাদের সাংস্কৃতিক মানসিক ধারণা, রীতিনীতি এবং নিয়মকানুনের পরিবর্তনের জন্য প্রার্থনা করি যা এই মহিলাদের হিংস্রতার ভীতিমুক্ত জীবন যাপন করতে সাহায্য করবে। (যিশাইয় ৪১:১০)

৩। হে প্রভু, ভারতের পুরুষদের হৃদয় এবং মনগুলিকে রূপান্তরিত কর যারা মহিলাদের অশ্রদ্ধা করে এবং অত্যাচার করে। ভারতীয় মহিলারা যেন মর্যাদা লাভ করতে পারে, সুরক্ষিত হয়, শিক্ষা লাভ করতে পারে এবং যীশুর খ্রীষ্টে প্রকৃত শান্তি লাভ করতে পারে। (গীতসংহিতা ৪:৮)

৪। হে সর্বশক্তিমান সদাপ্রভু, আমরা তোমার প্রশংসা করি যেহেতু ফিনল্যাণ্ডের আইন পরিবর্তিত হয়েছে যাতে হিংস্রতায় বিপন্ন মহিলারা যেন আরও উত্তম আশ্রয়ের স্থানে প্রবেশাধিকার পায়। (হিতোপদেশ ৩০:৫)

৫। হে দয়ালু ঈশ্বর, কোটে ডি'আইভরির বিদ্যালয়ের বালিকাদের সুরক্ষিত কর কারণ তারা বিদ্যালয়ের শিক্ষকদের দ্বারা ধর্ষিত হয়। আমরা আরও প্রার্থনা করি যাতে তাদের স্ত্রী জননাঙ্গচ্ছেদের সাংস্কৃতিক প্রচলিত রীতি বিলুপ্ত হয় এবং এর দ্বারা বিপন্ন মহিলারা যেন উপযুক্ত চিকিৎসা পরিষেবা লাভ করে। (গীত ৫:১১)

৬। হে আমাদের পিতা ঈশ্বর, ডেনমার্কের সেই সমস্ত মহিলাদের প্রতি দৃষ্টিপাত কর যারা তাদের আত্মসম্মান হারিয়েছে এবং যাদের ঘরোয়া হিংস্রতা থেকে মুক্ত হওয়ার মতো কোনও শক্তি নেই। তাদের আশা পুনরুদ্ধার কর। (গীত ৬৮:১৯)

৭। পিতা, আমরা কোরিয় পরিবারের সম্পর্কগুলির আরোগ্যের জন্য প্রার্থনা করি যেখানে পরিবারগুলি ঘরোয়া হিংস্রতার কারণে ভেঙ্গে যাচ্ছে, শিশু সন্তানরা ঘর ছেড়ে পালিয়ে যাচ্ছে এবং পরবর্তী প্রজন্ম এই ব্যবহারের পুনরাবৃত্তি করছে। (গীত ১৪৭:৩)

৮। হে সদাপ্রভু, পর্তুগালে,শতকরা ৬৭ জন যুবক যুবতীরা মনে করে প্রাক্ বৈবাহিক সাক্ষাতের সময় হিংস্রতা গ্রহণযোগ্য বিষয়। তাদেরকে প্রকৃত প্রেম কি সেই বিষয় শিক্ষা দাও এবং পরস্পরকে সম্মান করতে শেখাও। (১ যোহন ৪:১০-১১)

৯। উরুগুয়েতে চাপ, দারিদ্র, লকডাউন এবং বেকারত্বের ফলে মহিলাদের উপর ধর্ষণ এবং হিংস্র কার্যকলাপ বৃদ্ধি পেয়েছে। হে সদাপ্রভু, চাপ থেকে মুক্ত হওয়ার জন্য লোকেরা যেন সুস্থ উপায় খুঁজে পায় এবং তাদের সমস্যাগুলির সমাধান করার জন্য তারা যেন এক সঙ্গে কাজ করতে পারে। (ফিলি ২:২)

১০। হে ঈশ্বর, জিম্বাবোয়ের বালিকাদের তাদের আত্মীয়দের দ্বারা রুচিবিগর্হিতভাবে অত্যাচার এবং ধর্ষনের হাত থেকে রক্ষা কর, "বংশের নাম রক্ষার" আশায় পরিবারের সদস্যরা যেন নীরব না থাকে কিন্তু তার পরিবর্তে তারা যেন বুঝতে পারে যে তাদের সন্তানদের পাহারা দেওয়া,ভালোবাসা এবং মূল্য দেওয়া তাদের কর্তব্য। (হিতোপদেশ ১৮:৫)

১১। হে প্রভু, রোমানিয়ায় যে ভগ্নচূর্ণ হৃদয়ের লোকেরা অন্যদের ক্ষতি করতে চায় তাদের দয়া করে অনুতাপের মধ্যে নিয়ে এসো এবং আরোগ্য কর। তোমার রূপান্তরিতকরণের ভালোবাসা যেন তাদের অন্তরে প্রবাহিত হয় যাতে তারা অন্যদের ভালোবাসতে পারে। (তীত ২:১২)

১২। প্রভু, আমরা প্যারাগুয়ের সেই সমস্ত মহিলাদের জন্য প্রার্থনা করি যারা সমস্ত রকমের হিংস্রতা ভোগ করছে এবং তাদেরকে তুমি তোমার বাক্যের মাধ্যমে মুক্ত কর। (যোহন ৮:৩৬)

১৩। প্রভু, আমরা পোল্যাণ্ডের পুরুষ এবং মহিলাদের জন্য প্রার্থনা করি যারা মদাসক্ত। তাদের প্রাণকে সুস্থ কর যাতে তারা তাদের সঙ্গী বা সঙ্গিনীর উপর অথবা তাদের সন্তানদের উপর অত্যাচার না করে। (হিতোপদেশ ২০:১)

১৪।প্রভু, আমরা ফ্রান্সের মহিলা এবং শিশুদের জন্য প্রার্থনা করি কারণ এই লকডাউন চলাকালীন সেখানে ঘরোয়া হিংস্রতার ঘটনা বৃদ্ধি পেয়েছে।"স্বামীরা, স্ত্রীদের ভালোবাসো।তাদের প্রতি রূঢ় আচরণ কোরো না।" (কলসীয় ৩:১৯)

১৫। হে ঈশ্বর, উত্তর ককেশাসের মহিলাদের হৃদয়গুলি সুস্থ কর যারা হিংস্রতার অভিজ্ঞতা লাভ করেছে এবং রাশিয়ার মহিলাদের জন্য প্রার্থনা করি যারা তাদের পারিবারিক সম্পর্কের ভালোবাসার প্রতি বিশ্বাস হারিয়েছে। (গীত ৭২:১৩-১৪)

১৬। হে পিতা, ইথিয়পীয়ায় যারা মহিলাদের উপর হিংস্রতাকে সহ্য করে এবং সক্ষম করে সেই সমস্ত লোকদের আচরণে এবং অভ্যাসগুলির মধ্যে পরিবর্তন আনো। শতকরা ১৯ ভাগ ইথিয়পীয় মহিলাদের জীবনে আরোগ্য দান কর যারা তাদের সঙ্গীর দ্বারা শারিরীক ক্ষতির বিষয়ে রিপোর্ট করে। অনেক মহিলাদের তাদের ক্ষতগুলির জন্য চিকিৎসাগত তত্ত্বাবধানের প্রয়োজন আছে। (গীত ৩০:২)

১৭। হে পিতা, সুইডেনের সেই সমস্ত লোকদের জন্য প্রার্থনা করি যারা বিচ্ছিন্নতার দ্বারা এবং সীমিত আর্থিক সম্পদের দ্বারা প্রভাবিত হয়েছে। তাদেরকে বিভিন্ন চাপের হাত থেকে সুরক্ষিত কর যা তাদেরকে ঘনিষ্ঠ সম্পর্কগুলির মধ্যে হিংসাত্মক কাজে প্রবৃত্ত হওয়ার দিকে চালিত করে। (গীত ৯৪:১৯)

১৮। হে প্রভু, গ্রীনল্যাণ্ডে মদ, মাদক এবং যুবক যুবতীদের মধ্যে উচ্চ বেকারত্বের সমস্যাগুলি তাদেরকে হিংস্র অপরাধের দিকে চালিত করে। আত্মিক উদ্দিপনা আনো যাতে লোকেরা তোমার কাছে ফিরে আসে। (যিহিষ্কেল ১১:১৯)

১৯। হে সর্বশক্তিমান ঈশ্বর, আমরা তোমরা প্রশংসা করি যাতে ইন্দোনেশিয়ার পুলিশ কোনও রকমের হিংস্রতার খবর পেলেই দ্রুত সাড়া দান করে। "হে সদাপ্রভু, তুমি পীড়িতদের মনোবাসনার কথা শোনো" (গীত ১০:১৭-১৮)।

২০। হে স্বর্গীয় পিতা, স্পেনের ঘরোয়া হিংস্রতার অপরাধীদের বিচারে আনো। তারা যেন তাদের জীবন পরিবর্তনের জন্য তাদের মন পরিবর্তন করে। (গীত ১১:৫)

২১। হে পিতা, কম্বোডিয়ায় লজ্জায় এবং কেউ তাদের পরিবারের উপর প্রতিশোধ গ্রহণ করতে পারে সেই ভয়ে যে মহিলারা ধর্ষিত হওয়ার বিষয় রিপোর্ট করে না তাদের জন্য প্রার্থনা করি। তারা যেন তাদের প্রয়োজনীয় সাহস এবং সাহায্য এবং সুরক্ষা পায়। (গীত ৯১:২)

২২। প্রিয় ঈশ্বর, প্রতিমাসে লাইবেরিয়ায়, ১০-১৫ জন বালিকা তাদের বাবার অথবা তাদের তত্ত্বাবধানকারীর দ্বারা ধর্ষিত হয়। আমরা প্রার্থনা করি যাতে পুলিশ এই ঘৃণ্য লোকদের আদালতে অভিযুক্ত করে এবং গ্রেপ্তার করে। (গীত ১০৩:৬)

২৩। হে সর্বশক্তিমান ঈশ্বর, দক্ষিণ আফ্রিকায় ভীষণভাবে হিংসাত্মক কার্যকলাপের ঘটনা বৃদ্ধি পেয়েছে। অনুগ্রহ করে বিপন্নদের তাদের ঘরে সুরক্ষিত কর, যেখানে অধিকাংশ ধর্ষণ এবং ঘরোয়া হিংসাত্মক ঘটনাগুলি ঘটে। (যিশাইয় ৩২:১৮)

২৪। হে দয়ালু ঈশ্বর, উত্তর সাইপ্রাসের ভগ্ন পরিবারগুলিতে শান্তি আনো, যেখানে মহিলারা মানসিক এবং শারীরিক হিংসায় আক্রান্ত হচ্ছে। আশাময়ী নারী অনুষ্ঠানগুলি যেন তাদের কাছে আশা এবং আরোগ্য আনতে পারে। (রোমীয় ১৫:১৩)